

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, আগস্ট ১৪, ২০১৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
(উপজেলা-১ শাখা)

প্রজ্ঞাপন

তারিখ: ২৬ শ্রাবণ ১৪২৩ বঙ্গাব্দ/১০ আগস্ট ২০১৬ খ্রিস্টাব্দ

এস, আর, ও নং-২৬২-আইন/২০১৬।—উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ (১৯৯৮ সনের ২৪ নং আইন) এর ধারা ৬৩ এর উপ-ধারা (১) এর দফা (ঢ), ধারা ৬১ এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার এতদুদ্দেশ্যে নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা :—

১। শিরোনাম ও প্রবর্তন।—(১) এই বিধিমালা উপজেলা পরিষদ (আদেশের বিরুদ্ধে আপিল) বিধিমালা, ২০১৬ নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। সংজ্ঞা।—(১) বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই বিধিমালায়—

- (ক) 'আইন' অর্থ উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ (১৯৯৮ সনের ২৪ নং আইন);
- (খ) 'আদেশ' অর্থ পরিষদ বা উহার চেয়ারম্যান অথবা পরিষদ বা চেয়ারম্যানের নিকট হইতে ক্ষমতাপ্রাপ্ত কোন ব্যক্তি কর্তৃক প্রদত্ত আদেশ;
- (গ) 'আপিল কর্তৃপক্ষ' অর্থ সরকার বা সংশ্লিষ্ট বিভাগের বিভাগীয় কমিশনার;
- (ঘ) 'পরিষদ' অর্থ আইনের ধারা ৬ এর অধীন গঠিত উপজেলা পরিষদ; এবং
- (ঙ) 'সরকার' অর্থ স্থানীয় সরকার বিভাগ।

(২) এই বিধিমালায় অন্য যে সকল শব্দ বা অভিব্যক্তি ব্যবহৃত হইয়াছে, কিন্তু সংজ্ঞা প্রদান করা হয় নাই, যে সকল শব্দ বা অভিব্যক্তি আইনের যে অর্থে ব্যবহৃত হইয়াছে, এই বিধিমালায়ও উক্ত অর্থ প্রযোজ্য হইবে।

(১৪০৩৩)

মূল্য : টাকা ৪.০০

৩। আপিল দায়েরের পদ্ধতি।—(১) প্রত্যেক ব্যক্তি বা প্রতিষ্ঠান পৃথকভাবে এবং নিজ নামে উপজেলা পরিষদের আদেশের বিরুদ্ধে আপিল দায়ের করিতে পারিবেন।

(২) আপিল আবেদন লিখিত হইতে হইবে এবং আবেদনকারীকে উহা ব্যক্তিগতভাবে বা তদকর্তৃক মনোনীত প্রতিনিধির মাধ্যমে বা রেজিস্টার্ড ডাকযোগে আপিল কর্তৃপক্ষের নিকট দায়ের করিতে হইবে।

(৩) আপিল কর্তৃপক্ষকে সম্বোধন করিয়া এবং আপিলকারী যে সকল গুরুত্বপূর্ণ বক্তব্য ও যুক্তির উপর নির্ভর করেন, তাহা আপিল আবেদনে উল্লেখ করিয়া আপিল দায়ের করিতে হইবে।

(৪) আপিল আবেদনে কোন অসম্মানজনক বা অশোভন ভাষা ব্যবহার করা যাইবে না এবং উহা স্বয়ংসম্পূর্ণ হইতে হইবে।

(৫) আপিল আবেদনে নিম্নবর্ণিত তথ্যাদির উল্লেখ থাকিতে হইবে, যথা:—

- (ক) আপিলকারীর ব্যক্তিগত তথ্য;
- (খ) যাহার বা যে আদেশের বিরুদ্ধে আপিল করা হইয়াছে তাহার নামসহ আদেশের বিবরণ;
- (গ) আপিলের সংক্ষিপ্ত বিবরণ;
- (ঘ) আদেশের বিরুদ্ধে সংক্ষুব্ধ হইবার কারণ;
- (ঙ) প্রার্থিত প্রতিকারের যুক্তি;
- (চ) অন্য কোন তথ্য যাহা আপিল কর্তৃপক্ষের নিকট উপস্থাপনের জন্য আপিলকারী ইচ্ছা পোষণ করেন; এবং
- (ছ) আপিলকারীর স্বাক্ষর, তারিখ এবং মোবাইল নম্বরসহ (যদি থাকে)।

৪। আপিল আবেদন নিষ্পত্তি।—(১) বিধি (৩) এর অধীন আপিল আবেদন প্রাপ্তির পর আপিল কর্তৃপক্ষ নোটিশ প্রদানপূর্বক উভয় পক্ষের বক্তব্য শ্রবণ করিবেন এবং যে সকল কাগজপত্র বা দলিলপত্র প্রয়োজন মনে করেন, তাহা পরীক্ষা করিবেন।

(২) আপিল আবেদন প্রাপ্তির অনধিক ৬০ (ষাট) দিনের মধ্যে আপিল নিষ্পত্তিপূর্বক আদেশ প্রদান করিতে হইবে।

(৩) আপিল আদেশ প্রদানের তারিখ হইতে ১৫ (পনের) দিনের মধ্যে উক্ত আদেশের অনুলিপি সংশ্লিষ্ট পরিষদ ও আপিলকারীর নিকট জ্ঞাতার্থে ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করিতে হইবে।

(৪) আপিল আবেদন নিষ্পত্তি করিবার পর আপিল কর্তৃপক্ষ তৎকর্তৃক নির্ধারিত রেজিস্টারে উহা অন্তর্ভুক্তক্রমে আপিল আদেশের কপি সংরক্ষণ করিবে।

৫। আপিলকারীর অধিকার।—আপিলকারী নিজে বা তদকর্তৃক মনোনীত প্রতিনিধির মাধ্যমে আপিল কর্তৃপক্ষের নিকট উপস্থিত থাকিতে এবং সাক্ষ্য প্রমাণ উপস্থাপন করিতে পারিবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

আবদুল মালেক
সচিব।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আলমশীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,

তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd